REGIONAL NEWS UNIT

ALL INDIA RADIO, AGARTALA
Date: 11-07-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

**STATE ELECTION :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষন ঘোষনা করেছেন। নির্বাচন ঘোষনার সঙ্গে সঙ্গে শুধুমাত্র ত্রিস্তর পঞ্চায়েত এলাকায় নির্বাচনী আদর্শ আচরন বিধি বলবত হয়েছে বলে তিনি জানান। তিনি জানান, আজ নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে। আজ থেকেই মনোনয়ন পত্র দাখিল করা যাবে। মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮ই জুলাই। মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে ১৯শে জুলাই। মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট। ভোট গ্রহন করা হবে সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। ভোট গননা করা হবে আগামী ১২ই আগস্ট। সমগ্র নির্বাচনী প্রক্রিয়া শেষ করা হবে আগামী ১৭ই আগষ্টের মধ্যে।

মনোনয়নপত্র জমার শেষ দিন আগামী ১৮ই জুলাই পর্যন্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা যাবে বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস, রাজ্য পুলিশের এ আই জি আইন শৃঙ্খলা এল ডার্লং ও এ আই জি জয়ন্ত চক্রবর্তী বক্তব্য রাখেন।

*****************

***স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে অগ্রাধিকার মুখ্যমন্ত্রী***

মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা বলেছেন,  রাজ্যের স্বাস্থ্য পরিষেবার সার্বিক উন্নয়নে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে রাজ্য সরকার। রাজ্যের  স্বাস্থ্য ব্যবস্থা যাতে ভালো হয় সেজন্য সরকার নিরলস চেষ্টা করছে। রাজ্যে এখন সব ধরণের সার্জারি হচ্ছে। এতে মানুষের বাইরে যাওয়ার প্রবণতা অনেক কমেছে। আর এবার ইতিহাস সৃষ্টি করে জিবি হাসপাতালে প্রথমবারের মতো সফলভাবে কিডনি ট্রান্সপ্ল্যান্ট হয়েছে। গতকাল  আগরতলার সরকারি বাসভবনে আয়োজিত 'মুখ্যমন্ত্রী সমীপেষু'তে ডাঃ সাহা আরো বলেন, ত্রিপুরার ক্যান্সার হাসপাতালের পরিষেবা এখন অনেক উন্নত হয়েছে। প্রতিনিয়ত এখানে বিভিন্ন ধরনের সার্জারি ও চিকিৎসা হচ্ছে। জিবি হাসপাতালেও এখন সুপার স্পেশালিটি পরিষেবা সহ সব ধরণের চিকিৎসা করা হচ্ছে।

***************

**PM, Austria :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামার, ভিয়েনার হফবার্গ প্যালেসে যৌথভাবে শীর্ষস্থানীয় ভারতীয় ও অস্ট্রিয়ান সিইওদের সঙ্গে একটি গোলটেবিল ব্যবসায়িক বৈঠক করেন। শ্রী মোদি পরিকাঠামো, পুনর্নবীকরণযোগ্য শক্তি, গ্রীন সেক্টর, নতুন এবং উদীয়মান প্রযুক্তি, ফিনটেক, স্টার্ট-আপ, উদ্ভাবন সহ বিভিন্ন ক্ষেত্রে ভারতীয় এবং অস্ট্রিয়ান কোম্পানিগুলির মধ্যে সহযোগিতার  সম্ভাবনা তুলে ধরেন। বৈঠকের পর একটি প্রেস বিবৃতিতে শ্রী মোদি বলেন,  জলবায়ু পরিবর্তন এবং সন্ত্রাস সহ মানবতা সহ এই মুহূর্তে সবচেয়ে বড়

চ্যালেঞ্জের বিষয়গুলি নিয়ে আলোচনা করেছেন। তিনি অস্ট্রিয়ান কোম্পানিগুলিকে ভারতে বিনিয়োগের জন্য আমন্ত্রণ জানান।

***************

**Union minister met with C M:**

তিন দিনের ত্রিপুরা সফরে রাজ্যে অবস্থানরত কেন্দ্রীয় পেট্রোলিয়াম ,প্রাকৃতিক গ্যাস ও পর্যটন রাষ্ট্রমন্ত্রী সুরেশ গোপী গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন ।মুখ্যমন্ত্রীর সরকারি আবাসে সাক্ষাতেকার কালে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিশদভাবে আলোচনা হয় ।এই বিষয়গুলির মধ্যে অন্যতম ছিল রাজ্যের পর্যটন ক্ষেত্রের অপার সম্ভাবনা, প্রাকৃতিক গ্যাসের খনন এবং পেট্রোপন্যের পরিবহন। এই সৌজন্য সাক্ষাতের সময় রাজ্যের পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী উপস্থিত ছিলেন ।

***************

**নগর উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় মন্ত্রীর দৃষ্টি চেয়ে গুচ্ছ প্রস্তাব – রতনলাল নাথ :**

আগরতলা,

রাজ্যের নগর উন্নয়ন পরিকল্পনায় কেন্দ্রীয় নগর উন্নয়ন ও বিদ্যুৎ মন্ত্রী মনোহরলাল এর কাছে একগুচ্ছ প্রস্তাব রেখেছেন রাজ্যের বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ। সম্প্রতি গুয়াহাটিতে অনুষ্ঠিত এই বৈঠকে বিদ্যুৎ মন্ত্রী শ্রী নাথ আগরতলা শহরে অতিরিক্ত জল সরবরাহ প্রকল্পের জন্য অমৃত টু জিরো প্রকল্পের অধীনে

রাজ্যের প্রস্তাবিত ২৬ কোটি ৩৪ লক্ষ টাকা অতিরিক্ত অনুমোদনের জন্য কেন্দ্রীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন । পাশাপাশি সাশ্রয়ী মূল্যে আবাসন প্রদানের " লাইট হাউস" প্রকল্পটি দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানিয়েছেন । তিনি জানান স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনায় রাজ্য অগ্রণী ভূমিকা পালন করছে, এক্ষেত্রে ছোট রাজ্যের বিভাগে ত্রিপুরা পরিচ্ছন্নতায় পুরষ্কৃত হয়েছে।

**************

**Jagannath Temple .**

রথযাত্রা উৎসব উপলক্ষে গতকাল থেকে আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে শ্রী চৈতন্য গড়িয় মঠের উদ্যোগে পাঁচ দিন ব্যাপি ধর্মিয় আলোচনা শুরু হয়েছে। আলোচনা চক্রের প্রধান অতিথি রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু রথযাত্রার মাহাত্ম্য নিয়ে আলোচনা করেন। তিনি এই ধরনের ধর্মীয় আলোচনার জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। আলোচনাচক্রে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবীদ পুরির শ্রী জগন্নাথ মন্দিরের পরিচালন কমিটির সদস্য, বেনারস হিন্দু বিশ্ব বিদ্যালয়ের পন্ডিত সংগ্রামাচার্য , শ্রী চৈতন্য গড়িও মঠের অধ্যক্ষ শ্রীমদ্ভক্তি বিচার বিষ্ণু মহারাজ, শ্রীমদ্ভক্তিকমল বৈষ্ণব মহারাজ।

এদিকে গতকাল রথযাত্রা উৎসব উপলক্ষে শ্রীচৈতন্য গড়িয় মঠের উদ্যোগে আগরতলার এ বি বাজপেয়ী ক্যান্সার হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিস্টি বিতরন করা হয়।

***********

**স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সেমিনার :**

বিশ্ব ক্রীড়া সাংবাদিক দিবস উদযাপন উপলক্ষ্যে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের উদ্যোগে আগামী ১৩ জুলাই আগরতলা প্রেস ক্লাবের এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনার বিষয় প্যারিস অলিম্পিক-২০২৪ এবং এতে ভারতের সম্ভাবনা। বিকেল পাঁচটায় আয়োজিত এই আলোচনা সভায় ক্লাবের সদস্যদের সাথে উৎসাহী ক্রীড়া প্রেমীদের উপস্থিত থাকার জন্য সম্পাদক অনির্বাণ দেব আমন্ত্রণ জানিয়েছেন।

**************

**Weather:**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে আজ আকাশ আংশিক ভাবে মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা সম্ভান্বনা রয়েছে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলিসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।

***********

**********